



## তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪



তারিখঃ ০৬ জুন ২০২৪

### প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের ব্যবস্থাপনায় এবং সিটি গ্রুপের পৃষ্ঠপোষকতায় আগামীকাল ০৭ জুন ২০২৪ হতে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে (বিকেএসপি, জিরানী বাজার, আশুলিয়া, সাভার, ঢাকা) শুরু হচ্ছে “তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪”। চ্যাম্পিয়নশিপসে দেশের বিভিন্ন জেলা ক্রীড়া সংস্থা, সার্ভিসেস সংস্থা, বিকেএসপি ও ক্লাবসহ মোট ৫৩টি দলের ২১৬ জন আরচ্যার (১১৯ জন পুরুষ ও ৯৭জন মহিলা) রিকার্ড ও কম্পাউন্ড ডিভিশনে প্রতিদ্বন্দ্বিতা করবে। চ্যাম্পিয়নশিপসে দলীয় কোচ ও ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করবেন ৭৬ জন। আজ সার্ভিসেস দল ও বিকেএসপি ব্যতীত সকল দল আগমন করেছে। উক্ত চ্যাম্পিয়নশিপস আগামী ০৯ জুন ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

আগামীকাল সকাল ৮টায় “তীর ১৫তম জাতীয় আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪” এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন ঘোষণা করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন বিকেএসপি’র মহাপরিচালক **ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন**, এনডিসি, পিএসসি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিকেএসপি’র পরিচালক (প্রশিক্ষণ) **কর্নেল মোঃ মিজানুর রহমান**, পরিচালক (প্রশাসন ও অর্থ) **জনাব মুহম্মদ আনোয়ার হোসেন** এবং বিকেএসপি’র অধ্যক্ষ **লেঃ কর্নেল মোহাম্মদ ইমরান হাসান**।

চ্যাম্পিয়নশিপসে ১০টি ইভেন্টে খেলা অনুষ্ঠিত হবে। ইভেন্টসমূহ হচ্ছে; ১) রিকার্ড পুরুষ একক ইভেন্ট, ২) রিকার্ড মহিলা একক ইভেন্ট, ৩) রিকার্ড পুরুষ দলগত ইভেন্ট, ৪) রিকার্ড মহিলা দলগত ইভেন্ট, ৫) রিকার্ড মিশ্র দলগত ইভেন্ট, ৬) কম্পাউন্ড পুরুষ একক ইভেন্ট, ৭) কম্পাউন্ড মহিলা একক ইভেন্ট, ৮) কম্পাউন্ড পুরুষ দলগত ইভেন্ট, ৯) কম্পাউন্ড মহিলা দলগত ইভেন্ট ও ১০) কম্পাউন্ড মিশ্র দলগত ইভেন্ট।

খেলার ফলাফল <https://www.ianseo.net/Details.php?told=18257> এই লিঙ্কে পাওয়া যাবে।

### খেলার সিডিউল সংযুক্ত

(কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল)

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন